# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**13 NOVEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১। ধলাই সংরক্ষিত আসন সহ রাজ্যের পাঁচটি আসনে উপনির্বাচনের ভোটগ্রহণ সমাপ্ত ।নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ি সামগুরি আসনে সর্বাধিক ও বঙ্গাইগাঁও আসনে সর্বনিম্ন ভোটদান ।

২। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ দেশের বিভিন্ন রেলষ্টেশনে ১৮ টি প্রধানমন্ত্রী ভারতীয় জন ঔষধি কেন্দ্রের উদ্বোধন ।

৩। উত্তরপূর্ব সীমান্ত রেলের লামডিং সংমন্ডলের অধীন দিহাকো ও মুপা অংশে রেলপথ মেরামতির কাজের জন্য আজ ও আগামীকাল বেশ কয়েকটি ট্রেনের যাত্রা বাতিল ।

এবং

৪। রাজ্যের ক্রীড়া ইতিহাসের সর্ববৃহৎ ক্রীড়া প্রতিযোগিতা খেল মহারণের দ্বিতীয় পর্যায় আজ থেকে শুরু ।

---

ধলাই সংরক্ষিত আসন সহ রাজ্যের ৫ টি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন দু একটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে ।ভোটগ্রহণ সকাল সাতটায় শুরু হয় এবং বিকেল পাঁচটায় সমাপ্ত হয় তবে কয়েকটি ভোটকেন্দ্রের ভেতরে পাঁচটার আগে প্রবেশ করা ভোটদাতাদের সুবিধার জন্য আরো কিছু সময় পর্যন্ত ভোট গ্রহণ করা হয় ।ভোটের চূড়ান্ত হার এখোনো পাওয়া যায়নি তবে সামগুরিতে সর্বাধিক ও বঙ্গাইগাঁও

আসনে সর্বনিম্ন ভোট পড়েছে বলে সরকারী সূত্রে জানানো হয়েছে ।নির্বাচন কমিশন সূত্রে প্রকাশিত তথ্য অনুযায়ি বিকেল পাঁচটা পর্যন্ত ধলাই সংরক্ষিত আসনে ৭২ দশমিক ৪-০ শতাংশ , সামগুরি আসনে ৭৮ দশমিক ১-০ শতাংশ , বিহালী আসনে ৭৩ দশমিক ৭-০ শতাংশ , সিদলী আসনে ৭১ দশমিক ৫-০ শতাংশ এবং বঙ্গাইগাও আসনে ৬৯ দশমিক ০-৮ শতাংশ ভোট পড়েছে । সামগুরি এবং বিহালী বিধানসভা এলাকার কয়েকটি স্থানে দুষ্কৃতকারীদের দ্বারা কিছু বিক্ষিপ্ত ঘটনা সংঘটিত হলেও এতে ভোটগ্রহণে কোনধরণের প্রভাব পরেনি বলে জানা গেছে ।

ধলাই সংরক্ষিত আসনের ১১৮ নম্বর আইরংমারা প্রাথমিক বিদ্যালয়ের ভোটগ্রহণ কেন্দ্রে সাংসদ পরিমল শুক্লবৈদ্য ভোটদান করেন ।ঐ আসনের কংগ্রেস প্রার্থী ধ্রুবজ্যোতি পুরকায়স্থ ধলাইর বাম প্রেমানন্দ প্রাথমিক বিদ্যালয়ে ভোটদান করেন ।সামগুরি আসনের কংগ্রেস প্রার্থী তানজিল হুসেন এবং ধুবরীর সাংসদ রকিবুল হুসেন আজ সামগুরি আসনের একটি ভোটকেন্দ্রে ভোটদান করেন ।বি পি এফ প্রার্থী শুদ্ধ বসুমাতারী সিদলী আসনের একটি ভোটকেন্দ্রে ভোটদান করেন ।

উল্লেখ্য আজ এই পাঁচটি আসনের মোট ১ হাজার ৭৮ টি ভোটগ্রহণ কেন্দ্রে ভোটগ্রহণ সম্পন্ন হয়েছে ।এরমধ্যে ধলাইয়ের ২০৮ টি , সিদলী ২৭৩ টি, সামগুরি ১৯৭ টি , বিহালীর ১৫৪ টি ভোটগ্রহণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়েছে । এই উপনির্বাচনের প্রায় ৯ লক্ষ ১২ হাজার ভোটদাতা মোট ৩৪ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করেন ।পুরুষ ভোটদাতা রয়েছেন ৪ লক্ষ ৫৫ হাজার ১২৪ , ৪ লক্ষ ৫৬ হাজার ৮৮২ জন মহিলা ভোটদাতা এবং ১৯ জন তৃতীয় লিংগের ভোটদাতা রয়েছেন । আগামী ২৩ শে নভেম্বর ভোটগণনা অনুষ্ঠিত হবে।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দেশের বিভিন্ন রেলষ্টেশনে ১৮ টি প্রধানমন্ত্রী ভারতীয় জন ঔষধি কেন্দ্রের উদ্বোধন করেন ।বিহারের দারভাঙ্গা থেকে ভার্চুয়েল ব্যবস্থার মাধ্যমে এই জনৌষধি কেন্দ্রগুলো উদ্বোধন করে প্রধানমন্ত্রী বলেন যে সরকার দেশের স্বাস্থ্য পরিষেবার প্রতি বিশেষ দৃষ্টি দিচ্ছে এরমধ্যে সর্বাধিক গুরুত্বপূর্ণ বিষয়গুলো হচ্ছে রোগ নিরাময় , চিকিৎসা ক্ষেত্রে প্রযুক্তির ব্যবহার , সহজ এবং সুলভ চিকিৎসা , উন্নত চিকিৎসা পরিষেবা প্রদান ইত্যাদি ।প্রধানমন্ত্রী বলেন যে আগামী পাঁচবছরে দেশের মেডিক্যাল কলেজগুলোতে ৭৫ হাজার আসন বৃদ্ধি করা হবে ।শ্রী মোদী বলেন যে অর্থনৈতিকভাবে দূর্বল শ্রেণীর লোকেদের জন্য দেশের বিভিন্ন প্রান্তে ১ লক্ষ ৫০ হাজার আয়ুষ্মান আরোগ্য মন্দির স্থাপন করা হবে ।আয়ুষ্মান ভারত এবং প্রধানমন্ত্রী জনৌষধি প্রকল্প দেশের চিকিৎসাক্ষেত্রের প্রাচীন পদ্ধতির পরিবর্তন ঘটাতে সক্ষম হয়েছে বলে উল্লেখ

করে শ্রী মোদী বলেন চার কোটি দুস্থ লোক আয়ুষ্মান ভারত প্রকল্পের অধীনে উপকৃত হয়েছেন এবং এই প্রকল্পের ফলে দেশের দুস্থ পরিবারগুলোর ১ লক্ষ ২৫ হাজার কোটি টাকা সাশ্রয় করেছে ।

---

মণিপুরের জিরিবামে সেনা ও উগ্রপন্থীর মধ্যে গত সোমবার সংঘটিত সংঘর্ষের পর সন্ধানহীন থাকা দুজন লোকের মৃতদেহ উদ্ধার করা হয়েছে । মণিপুর পুলিশ জানিয়েছে যে এখনও তিনটি শিশু সহ তিনজন মহিলা সন্ধানহীন রয়েছেন । তাঁদের খোঁজ করতে পুলিশ অভিযান অব্যাহত রেখেছে । ইতিমধ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতির আরো অবনতি হবার আশংকায় জেলা প্রশাসন জিরিবামে সান্ধ্য আইন জারি করেছে । এদিকে গুলিচালনার নিহতরা গ্রামের স্বেচ্ছাসেবক বলে কুকি-জো কাউন্সিল দাবী করেছে । উল্লেখ্য সোমবার জিরিবাম জেলায় নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষে ১১ জন সন্দেহভাজন উগ্রপন্থী সদস্য নিহত হয়েছিলো । এই ঘটনায় দুজন সি আর পি এফ জওয়ানও আহত হয়েছিলেন ।

---

উত্তরপূর্ব সীমান্ত রেলের লামডিং সংমন্ডলের অধীন দিহাকো ও মুপা অংশে রেলপথ মেরামতির জন্য আজ গুয়াহাটী- দুর্লভছড়া ও দুর্লভছড়া -গুয়াহাটী দুটি ট্রেন সহ গুয়াহাটী ও বদরপুরের মধ্যে চলাচল করা ১৫৮৭৮ এবং ১৫৮৮৮ নম্বরের দুটি ট্রেনের যাত্রা বাতিল করা হয়েছে । এছাড়া আজ , আগামীকাল ও আগামী শুক্রবার গুয়াহাটী ও নিউজলপাইগুড়ির মধ্যে চলাচল করা বিশেষ ট্রেন দুটির যাত্রাও বাতিল করা হয়েছে বলে রেল বিভাগের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে ।

---

আসামের ক্রীড়া ইতিহাসে বৃহৎ ক্রীড়া প্রতিযোগীতা খেল মহারণের দ্বিতীয় পর্যায় আজ থেকে রাজ্যজুড়ে আরম্ভ হয়েছে । তৃণমূল পর্যায়ের ক্রীড়া প্রতিভাসমূহের বিকাশের মঞ্চ হিসেবে গ্রহণ করা এই প্রতিযোগীতার ৭ টি বিভাগে প্রায় ৬৪ লক্ষ প্রতিযোগী অংশগ্রহণ করছেন । খেল মহারণ উপলক্ষ্যে মূখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা শুভেচ্ছা জানিয়েছেন । মূখ্যমন্ত্রী বলেন যে এই পদক্ষেপ আসামের ক্রীড়া সম্ভাবনা বৃদ্ধি করা সহ ক্রীড়া সংস্কৃতির উন্নয়নে পুনরায় এক নুতনত্বের সূচনা করবে ।

করিমগঞ্জ জেলায় খেল মহারণের দ্বিতীয় পর্যায় আগামীকাল থেকে ২১ শে নভেম্বর পর্যন্ত জেলার প্রতিটি বিধানসভার গ্রাম পঞ্চায়েত এলাকায় আরম্ভ হচ্ছে । এই প্রতিযোগীতায় পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের ২৪ টি গ্রাম পঞ্চায়েত এলাকায়

আগামীকাল সকাল ৮ টা থেকে ফুটবল,দাবা, এবং ১৫ নভেম্বর সাইকেল দৌড় ,অ্যাথলেটিক্স ও কাবাডি প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । ১৬ নভেম্বর দক্ষিণ করিমগঞ্জ বিধানসভা বিধানসভা কেন্দ্রের ২৭ টি গ্রাম পঞ্চায়েতে সকাল ৮ টা থেকে ফুটবল ও দাবা ,১৭ নভেম্বর সাইকেল দৌড় ,অ্যাথলেটিক্স ও কাবাডি প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । অনুরূপভাবে রামকৃষ্ণনগর বিধানসভা কেন্দ্রের ২৫ টি গ্রাম পঞ্চায়েতের খেলার মাঠ , কম্যুনিটি হল , বিদ্যালয় ইত্যাদিতে ১৮ নভেম্বর সকাল ৮ টা থেকে ফুটবল ও দাবা ,১৯ নভেম্বর সাইকেল দৌড় ,অ্যাথলেটিক্স ও কাবাডি প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । এছাড়া ২০ ও ২১ শে নভেম্বর উত্তর-করিমগঞ্জ বিধানসভার গ্রাম পঞ্চায়েতগুলিতেও অনুরূপ প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে ।

--------------------------------------------------------------------------------

মাদকের অপব্যাবহারের বিরুদ্ধে এবং স্বাস্থ্যকর পরিবেশ গড়ে তুলতে আজ কাছাড় জেলা প্রশাসন এবং বিভিন্ন বেসরকারী সংস্থার উদ্যোগে শিলচর কাছাড় কলেজে জেলা স্তরের সচেতনতা কার্যসূচীর আয়োজন করা হয় । এতে শিলচর মেডিকেল কলেজের নিউরোসার্জন ডা:রত্নদীপ বোস , কাছাড় কলেজের উপাধ্যক্ষ সামসুদ্দিন, জেলা সমাজ কল্যাণ কার্যালয়ের প্রতিনিধি শামিম আহমেদ এবং থাউজেন্ড সায়ন্তনের সভাপতি সৌমিত্র শংকর চৌধুরী মাদক সমস্যার সমাধানে ঐক্যবদ্ধ প্রয়াস ,প্রতিরোধমূলক ব্যাবস্থা এবং ব্যাপক শিক্ষার ওপর গুরুত্ব আরোপ করেন ।

উল্লেখ্য কাছাড় জেলা প্রশাসন সাম্প্রতিককালে কর্মশালা ,বিদ্যালয় কর্মসূচী এবং সোসিয়েল মিডিয়াতে প্রচারের মাধ্যমে নেশামুক্ত সমাজ এবং মাদকের চোরাচালান রোধে কঠোর পদক্ষেপ গ্রহণ করেছে ।

--------------------------------------------------------------------------------

জাতীয় প্রযুক্তি প্রতিষ্ঠান (এন আই টি ) শিলচরের ২২ তম সমাবর্তন আগামী ১৫ নভেম্বর অনুষ্ঠিত হবে । প্রতিষ্ঠানটির ক্রীড়া প্রাঙ্গন প্রেক্ষাগৃহে অনুষ্ঠেয় এই সমাবর্তন অনুষ্ঠানে মূখ্য অতিথি হিসেবে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ স্পেস সায়েন্স অ্যান্ড টেকনোলজির ডাইরেক্টর অধ্যাপক দীপঙ্কর ব্যানার্জি উপস্থিত থাকবেন । এবছর ১৫৯ জন ছাত্র ছাত্রীকে এম টেক ডিগ্রী , ৫৯ ছাত্র ছাত্রীকে এম এস সি ডিগ্রী এবং ৫০ জনকে এম বি এ ডিগ্রী প্রদান করা হবে ।

--------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার ভাঙ্গায় গতকাল রাতে এক সড়ক দূর্ঘটনায় এক স্কুটি চালকের মৃত্যু হয়েছে ।আমাদের করিমগঞ্জ সংবাদদাতা জানিয়েছেন যে গতকাল রাতে ভাঙ্গা চৌমাথায়

ট্রাকের ধাক্কায় এক স্কুটি চালক মাদ্রাসা শিক্ষক মৌলানা জাকির হুসেনের মৃত্যু হয় । বদরপুর পুলিশ ঘটনাস্থলে পৌছে মৃতদেহ উদ্ধার করে ।

---------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রাল এবং লায়ন্স চক্ষু হাসপাতাল শিলচরের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ শিলচর কেয়ারের ব্যাবস্থাপনায় আগামী সোমবার ধোয়ারবন্দ গ্রীণ রিসোর্টে বিনামূল্যে চোখের ছানি শণাক্তকরণ শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০ টা থেকে দুপুর দুটো পর্যন্ত অনুষ্ঠিত হবে ।

ইচ্ছুক ছানি পড়া দুঃস্থ চক্ষু রোগীদের নির্ধারিত দিনে সকাল ৮ টার পর শিবিরে উপস্থিত থেকে ক্রমিক নম্বরের টোকেন সংগ্রহ করতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------